

অভিনেতা
আফজাল
হোসেন



সেই সত্তর সালে পারুলিয়া থেকে ঢাকায় আসতে পুরো দিন লেগেছিল। অর্ধশত বছরের বেশি একই রকম কেটেছে। পদ্মা সেতু বদলে দিয়েছে পুরানো হিসাব। ঢাকা থেকে পারুলিয়ার দূরত্ব এখন কমে অর্ধেকটা। ভায়ে বেরিয়ে দুপুরের শুরুতে বাড়ি পৌঁছে গেছি।



অভিনেত্রী
অপূর্ণা
করিম


আমি ফেরায় বিশ্বাস করি না। যখন কেউ 'ফেরা' শব্দটি ব্যবহার করেন, আমার কাছে খুব বিব্রত লাগে। বেশির ভাগ সময়ই স্ক্রিপ্ট (চিত্রনাট্য) ভালো পাইনি। মাঝে মাঝে এক-দুটো হয়তো পেয়েছি; কিন্তু ওই সময়ে অন্য পেশায় ব্যস্ততার কারণে কাজগুলো আর করা হয়ে ওঠেনি।



অভিনেতা
চঞ্চল
চৌধুরী

নগরপিতার কাছে প্রার্থনা, রাস্তার জ্যামটা কমানোর জন্য কি কোনো আশু পদক্ষেপ নেওয়া যায়? সঠিক নিয়মে ঢাকা শহরের গাড়িগুলো চালানোর ব্যবস্থা করা যায় না? আমার এই চাওয়াটুকু মনে হয় অহেতুক নয়। প্রতিদিনের জ্যামে ওঠাগত প্রাণ।

অভিনয়ে সবচেয়ে স্বাচ্ছন্দ্যবোধ করতাম, যখন আমার আত্মিক ওস্তাদ হুমায়ুন ফরীদির সঙ্গে কাজ থাকত। আর যে মানুষটার মতো হতে চেয়েছিলাম, সেই রাজীব সাহেবের সঙ্গে কাজ করতেও খুব ভালো লাগত। আমি আজ যত সাফল্য পেয়েছি, তার পেছনে এই দুজনের অনেক অবদান আছে।



অভিনেতা
মিশা
সওদাগর

দেখা হলে অনেকেই বলেন, তোমার বাবা ভীষণ অনেস্ট মানুষ ছিলেন। এটা শুনলে ভেতরটা ঠান্ডা হয়ে যায়। বাবা নিজের কোনো বাড়ি করে যেতে পারেননি। আন্মা তাই মন খারাপ করতেন। আমি আম্মাকে বলতাম, সবাই বাবার সততার যে প্রশংসা করে, সেটা আমাদের গলার নেকলেসের মতো।



নৃত্যশিল্পী
সাদিয়া
ইসলাম মৌ

কনটেন্ট ডিস্ট্রিবিউশনে ভারি়েশন আনা আমার একধরনের নেশা। এবারের চ্যালেঞ্জ হচ্ছে আমার কনটেন্টের হিন্দি ডাবিং। আমাদের এই শো নিয়ে আরও বেশি দর্শকের কাছে পৌঁছাতে চাই। সে কারণে এ প্রয়াস।



অভিনেতা
আদনান
ফারুক
হোসেন



অভিনেতা
রজত
দত্ত

১৮০টির বেশি সিনেমায় অভিনয় করেছি। তবে পরিচালক হতে গেলে অনেক নির্মম হতে হয়। আমি নরম মানুষ, সবাইকে বকেবাকে এক জায়গায় নিয়ে আসা আমার দ্বারা হবে না। তা ছাড়া শুধু বানাতেই তো হবে না, এখন সিনেমা বিপণনের অনেক দায়িত্বও পরিচালককে নিতে হয়।



অভিনেত্রী
অর্ষিতা
চক্রবর্তী

আমি নিজের মতো করে বাঁচতে ভালোবাসি। এত বছর অভিনয় করে এখনো ভাড়া বাড়িতে থাকি। সেটা স্বীকার করতে আমার লজ্জা নেই। ভাড়া বাড়ির প্রতিটি জিনিস পরিশ্রমের টাকায় কেনা। অন্যের কাছ থেকে বিলাসবহুল গাড়ি আর ফ্ল্যাট উপহার নেওয়ার চেয়ে এ জীবনটা অনেক ভালো।



অভিনেতা
রঞ্জিত মল্লিক

কেউ আমাকে সুপারস্টার বললে আমার খুব অস্বস্তি হয়। এই দীর্ঘ জীবনে একটা জিনিস শিখেছি, তা হলো সব সময় মাটি দিয়েই হেঁটে চলা উচিত। বেশি ওড়া ভালো নয়। সব ধরনের মানুষের সঙ্গে মেশা, তাদের জীবন কেমন, তা অনুভব করা ভীষণ দরকার।